

এবারেই প্রথম!

স্টাফ রিপোর্টার ॥ বঙ্গভবনের কোন রাষ্ট্রীয় ভোজসভায় দেশের দুই প্রধান নেত্রী এক সঙ্গে এক টেবিলে প্রথমবারের মতো আসন নিয়েছিলেন গতকাল সোমবার। বঙ্গভবনে মার্কিন রাষ্ট্রপতি বিল ক্লিনটনের সম্মানে রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদ যে ভোজসভার আয়োজন করেন তাতে এক টেবিলে বসেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং বিরোধীদলীয় নেত্রী খালেদা জিয়া। রাজনীতির ময়দানে চলমান সংঘাতের কারণে দু'নেত্রীর মধ্যে কথা বলাবলি ও মুখ দেখাদেখি প্রায় বন্ধ থাকার প্রেক্ষাপটে এক টেবিলে তাঁদের দু'জনের আসন গ্রহণ ছিল এক ব্যতিক্রমী ঘটনা। এ কারণেই গতকাল বঙ্গভবনের ভোজসভায় সবার মনোযোগের কেন্দ্র ছিল তাঁদের টেবিলটি।

ভোজসভায় 'হেড টেবিলে' রাষ্ট্রপতি সাহাবুদ্দীন আহমদ, মার্কিন রাষ্ট্রপতি বিল ক্লিনটন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা, বিরোধীদলীয় নেত্রী খালেদা জিয়া ছাড়াও ছিলেন স্পীকার হুমায়ুন রশিদ চৌধুরী, প্রধান বিচারপতি লতিফুর রহমান, মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মেডেলিন অলব্রাইট, বাণিজ্যমন্ত্রী উইলিয়াম ডেলি, বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী আবদুস সামাদ আজাদ প্রমুখ। এছাড়াও ভোজসভায় আরও দেখা গেছে বিএনপি নেতা অধ্যাপক বদরুদ্দোজা চৌধুরী, শামসুল ইসলাম, খন্দকার দেলোয়ার হোসেন, সাদেক হোসেন খোকা প্রমুখকে।

উল্লেখ্য, বিএনপি নেত্রী খালেদা জিয়াকে সাম্প্রতিককালে অন্য কোন রাষ্ট্রীয় ভোজসভায় অংশ নিতে দেখা যায়নি। এই রাষ্ট্রীয় ভোজসভায় মন্ত্রিপরিষদের সদস্যগণ, সংসদ সদস্য, ঢাকার মেয়র, উচ্চপদস্থ সামরিক ও বেসামরিক কর্মকর্তাগণও উপস্থিত ছিলেন।